

84028 - যে ছাত্ররা অন্য এক শহরে অবস্থিত ইউনিভার্সিটিতে যায় তারা কি নামায কসর করবে?

প্রশ্ন

আমরা ইউনিভার্সিটির ছাত্র। কিন্তু যে শহরে ইউনিভার্সিটি আমরা সে শহরের বাসিন্দা নই (অন্য শহরের)। এমতাবস্থায় মুসাফিরের মত আমরা কি নামায কসর করতে পারব? আমরা প্রতি এক সপ্তাহে বা দুই সপ্তাহে আমাদের শহরে যাই।

প্রিয় উত্তর

এক:

যখন আপনারা আপনাদের শহরে থাকবেন কিংবা ইউনিভার্সিটি থেকে আপনাদের শহরে ফেরত যাবেন; তখন আপনারা পূর্ণ সংখ্যক নামায আদায় করবেন। কেননা সেটাই আপনাদের প্রকৃত বাসস্থান।

দুই:

যদি আপনাদের শহর ও যে শহরে ইউনিভার্সিটি রয়েছে সে শহরের মাঝে কসর করার দূরত্ব হয়; কসর করার দূরত্ব হলো: প্রায় ৮০ কিঃমিঃ; তাহলে সফরকালীন সময়ে আপনারা নামায কসর করবেন।

তিন:

যে শহরে ইউনিভার্সিটিটি রয়েছে আপনারা যখন সেখানে পৌঁছবেন এবং চারদিনের বেশি সময় সেখানে থাকার নিয়ত করবেন; সেক্ষেত্রে আপনারা ঐ শহরে প্রবেশের মুহূর্ত থেকে নামাযগুলো পূর্ণ সংখ্যায় আদায় করবেন।

আর যদি চারদিন বা এর চেয়ে কম সময় থাকার নিয়ত করেন কিংবা দ্বিধাঘন্ডে থাকেন সেক্ষেত্রে আপনারা মুসাফিরের ছকুমের অধিভুক্ত হবেন। তথা চার রাকাত বিশিষ্ট নামায (যোহর, আসর ও এশা) কসর করে দুই রাকাত পড়বেন। তবে যদি আপনারা কোন মুকীম ব্যক্তির পেছনে নামায পড়েন তাহলে আপনারা মুকীম এর সাথে পূর্ণ সংখ্যক নামায পড়বেন। আপনাদের উপর মসজিদে গিয়ে জামাতে উপস্থিত হওয়া অনিবার্য।

আরও জানতে দেখুন: [38079](#) নং প্রশ্নোত্তর।

আল্লাহ্ই সর্বজ্ঞ।